গত সাতদিন
(০৯.০৯.২০১৪-১৫.০৯.২০১৪)

২০০০ ডেস্ক

রাজনীতি

আলোচনা ও সংলাপের আহ্বান খালেদা জিয়ার

আওয়ামী লীগ সংলাপের উদ্যোগ না নিলে দেশের মানুষ সংলাপের জন্য অনির্দিষ্টকাল বসে থাকবে না বলে উল্লেখ করেছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। ১৩ সেপ্টেম্বর রাজধানীর ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (এ্যাব) মহাসমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখার সময় এ কথা বলেন খালেদা জিয়া। তিনি বলেন, 'আওয়ামী লীগ সভানেত্রীর ওয়াদা নিশ্চয়ই আপনারা ভুলে যাননি। গত ৫ জানুয়ারির প্রহসনের নির্বাচনকে তিনি সাংবিধানিক বাধ্যবাধকতার নির্বাচন বলেছিলেন। তিনি বলেছিলেন, এরপরও আলোচনা চলবে এবং একটি সমঝোতা হলে সংসদ ভেঙে দিয়ে নতুন নির্বাচন করা যাবে। এখন সেই অঙ্গীকার ভুলে গিয়ে তিনি আলোচনা ও সংলাপে বসতে অস্বীকার করছেন। আমরা এখনো এবং আমি আজ আবারো তাদেরকে আলোচনা ও সংলাপের পথে ফিরে আসার আহ্বান জানাচ্ছি। আলোচনার মাধ্যমে সবার অংশগ্রহণের ভিত্তিতে একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন পরিচালনার উপযোগী একটি নির্দলীয় নিরপেক্ষ সরকার কাঠামোর ব্যাপারে সমঝোতায় আসার আহ্বান জানাচ্ছি। তবে বাংলাদেশের মানুষ এমন একটি সংলাপের জন্য অনির্দিষ্টকাল বসে থাকবে বলে মনে করার কোনো কারণ নেই।'

দুর্ঘটনা

দুই ট্রেনের মাঝে পড়ে নিহত চারজন

১১ সেপ্টেম্বর সকালে রাজধানীর কারওয়ান বাজারে ঘটে মর্মান্তিক দুর্ঘটনা। প্রতিদিনের মতো সেদিনও কারওয়ান বাজারে রেললাইনের ওপর বসেছিল মাছের বাজার। যথারীতি ভিড় ছিল ক্রেতা-বিক্রেতার। সকাল সাড়ে আটটার দিকে ময়মনসিংহ থেকে ঢাকার কমলাপুর রেলস্টেশনগামী যমুনা এক্সপ্রেস কারওয়ান বাজারের মাছের আড়তসংলগ্ন এলাকা পার হচ্ছিল। সঙ্গে সঙ্গে এই রেললাইনের ওপরে থাকা ক্রেতা-বিক্রেতারা হুড়মুড় করে পাশে দুই লাইনের মাঝের অংশে নেমে পড়েন। কিন্তু একই সময়ে অপর লাইন দিয়ে কমলাপুর থেকে চট্টগ্রামগামী কর্ণফুলী এক্সপ্রেস ট্রেনটি এখানে এসে পড়ে। দুই ট্রেনের মাঝে আটকে পড়া লোকদের মধ্যে হুড়োহুড়ি ও ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই একজন মারা যান। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পর মারা যান আরো তিনজন। গুরুতর আহত হয়েছেন আরো পাঁচজন।

১১ সেপ্টেম্বর কারওয়ান বাজার রেললাইনে দুর্ঘটনার পর জনতার ভিড়

অর্থনীতি

মন্থর হয়েছে শিল্পায়ন-প্রক্রিয়া

দেশের শিল্পায়ন-প্রক্রিয়া মন্থর হয়ে পড়েছে। কৃষিনির্ভরতা থেকে টেকসই এবং মূল্য সংযোজনকারী শিল্পায়নে রূপান্তরের শ্লথগতি মোট দেশজ উৎপাদনের (জিডিপি) কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনকে বাধাগ্রস্ত করছে। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান 'উন্নয়ন অন্বেষণ'-এর মাসিক 'বাংলাদেশ অর্থনৈতিক পর্যালোচনা' প্রতিবেদনের সেপ্টেম্বর (২০১৪) সংখ্যায় এ পর্যবেক্ষণ তুলে ধরা হয়েছে। এতে বলা হয়েছে, মোট দেশজ উৎপাদনে শিল্প খাতের অবদান কমছে। ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে এই হার ছিল যথাক্রমে ১৭ দশমিক ৭৫ শতাংশ, ১৮ দশমিক ২৮ শতাংশ, ১৯ শতাংশ ও ১৯ দশমিক ৪৫ শতাংশ। কর্মসংস্থানের জন্য কৃষি খাতের ওপর ব্যাপক নির্ভরশীলতার পাশাপাশি শিল্পখাতে শ্রমিকের কম ধারণক্ষমতা, উদ্ভাবন ও প্রযুক্তিগত উন্নয়নের অভাব, কম মূলধন, রফতানিতে বৈচিত্র্যের অভাব, অদূরদর্শী সামষ্টিক অর্থনৈতিক নীতিমালা প্রণয়ন এবং অবকাঠামোগত উন্নয়নের অভাব দেশে শিল্প খাতের উন্নয়নে অন্তরায় বলে উন্নয়ন অন্বেষণ মনে করে। সাম্প্রতিক সময়ের শিল্পঋণের প্রবাহ কমে যাওয়ার তথ্যও উল্লেখ করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৩-১৪ অর্থবছরে জানুয়ারি-মার্চ সময়ে শিল্পঋণ বিতরণের পরিমাণ কমে ৯ হাজার ২৮৩ কোটি ৫০ লাখ টাকায় আসে। একই অর্থবছরের অক্টোবর-ডিসেম্বর সময়ে ছিল ১২ হাজার ৬৮৪ কোটি ৬৬ লাখ টাকা।

ওষুধের রফতানি বেড়ে চলেছে

দেশে তৈরি ওষুধের রফতানি বেড়ে চলেছে। চলতি অর্থবছরের প্রথম দুই মাসেও রফতানি বৃদ্ধির ইতিবাচক প্রবণতা অব্যাহত আছে। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) হালনাগাদ অনুসারে, চলতি ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-আগস্ট সময়ে ১ কোটি ২৭ লাখ ৩০ হাজার ডলারের ওষুধ রফতানি হয়েছে, যা ১ কোটি ২৪ লাখ ৫০ হাজার ডলারের চেয়ে ২ দশমিক ২৫ শতাংশ বেশি। এ ছাড়া গত অর্থবছরের একই সময়ের ১ কোটি ২২ হাজার ডলারের চেয়ে ২৪ দশমিক ৫৬ শতাংশ বেশি। গেল ২০১৩-১৪ অর্থবছরে ওষুধ রফতানি হয়েছে ৬ কোটি ৯২ লাখ ডলারের। তার আগের বছরের রফতানি ছিল ৫ কোটি ৯৮ লাখ ডলার। এক বছরে

সপ্তাহের উক্তি

'আওয়ামী লীগের সব নেতাকে কেনা যায়, শেখ হাসিনাকে ছাড়া।'
শেখ হাসিনা, আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী, ১৪ সেপ্টেম্বরে সংসদ অধিবেশনে (কালের কণ্ঠ, ১৫ সেপ্টেম্বর)

"'ডিজিটাল' এখন চমক নয়– দৈনন্দিন জীবনের অংশ।"
নুরুল ইসলাম নাহিদ, শিক্ষামন্ত্রী, রাজধানীর একটি হোটেলে মোবাইল ফোনের অ্যাপ্লিকেশন তৈরির এক প্রতিযোগিতার উদ্বোধনীতে (ইনকিলাব, ১৫ সেপ্টেম্বর)

'বেশি কথা কওয়া যাইব না। কোনো রকমে রাজি করা হইছে, যদি আবার ফিরে যায়।'
মুজিবুল হক, রেলপথমন্ত্রী, ৬৭ বছর বয়সে বিয়ের বিষয়ে জানতে চাইলে সাংবাদিকদের (প্রথম আলো, ১০ সেপ্টেম্বর)

'ছাত্রদল মারা গেছে, এখন এ ছাত্রসংগঠনের নেতৃত্বে ৩০-৪০ বছরের বয়স্ক বুড়োরা। তাদের নাতিপুতি হয়ে গেছে। এদের দিয়ে আন্দোলন হবে না।'
জাফরুল্লাহ চৌধুরী, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ট্রাস্টি, রাজধানীতে জিয়াউর রহমান ফাউন্ডেশনের এক আলোচনা সভায় (সমকাল, ১৪ সেপ্টেম্বর)

'আমি সাতবার হজ করেছি। পায়ের নিচে একটি পিঁপড়া পড়লেও আমি হিসাব করে পা ফেলি।'
আমানুর রহমান খান, সাংসদ, দলীয় নেতাকে খুনের ঘটনায় নাম আসার ব্যাপারে জানতে চাইলে (প্রথম আলো, ১৪ সেপ্টেম্বর)

'প্রশাসনের অনেক কর্মকর্তা আমাদের চেয়ে বেশি বেতন পান। কম বেতনের কারো নির্দেশ তারা মানবেন কেন?'
মমতাজউদ্দিন আহমেদ, প্রশাসক, জেলা পরিষদ, রংপুর; নিজেদের সম্মান, মর্যাদা ও বেতন কম থাকা প্রসঙ্গে (প্রথম আলো, ১২ সেপ্টেম্বর)

রফতানি বাড়ে ১৫ দশমিক ৭৫ শতাংশ, দেশি ওষুধের বড় অংশই রফতানি হয় দক্ষিণ-পূর্ব এশিয়া, প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও আফ্রিকায়।

স্বীকৃতি

মা-মেয়ের স্বীকৃতি

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর 'পিস ট্রি' (শান্তি বৃক্ষ) পুরস্কারে ভূষিত হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কিশোরী ও নারীদের শিক্ষায় অসামান্য অবদানের জন্য তাকে এ বিশেষ স্মারকটি দেয়া হয়। আর জনস্বাস্থ্য উন্নয়নে বিশেষ কৃতিত্ব রাখায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) পুরস্কার 'এক্সিলেন্স ইন পাবলিক হেলথ অ্যাওয়ার্ড' পেয়েছেন শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুল।

নারীর ক্ষমতায়ন

অধ্যাপক খালেদা একরাম বুয়েটের নতুন উপাচার্য

রাষ্ট্রপতি ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের অধ্যাপক খালেদা একরামকে ৪ বছর মেয়াদের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করেছেন। ১৩ সেপ্টেম্বর ভিসির দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি অধ্যাপক ড. এসএম নজরুল ইসলামের কাছ থেকে উপাচার্যের দায়িত্বভার গ্রহণ করেন। অনুষ্ঠানে বুয়েটের সব অনুষদের ডিন, বিভাগীয় প্রধান ও অফিস প্রধানরা উপস্থিত ছিলেন। খালেদা একরাম ১৯৫০ সালের ৬ আগস্ট ঢাকায় জন্মগ্রহণ করেন। এ পর্যন্ত তার প্রায় ৩৫টি প্রকাশনা বিভিন্ন দেশি-বিদেশি জার্নালে প্রকাশিত হয়েছে।

দিবস

জাতীয় আয়কর দিবস

১৫ সেপ্টেম্বর পালিত হলো জাতীয় আয়কর দিবস। প্রতিবছর আয়কর আদায় বাড়লেও দেশে আয়কর প্রদানে সামর্থ্যবানদের ৮০ শতাংশ এখনো করের আওতার বাইরে। জাতীয় রাজস্ব বোর্ডের একটি সূত্র থেকে জানা যায়, আয়কর প্রদানে সক্ষমতা আছে, দেশে এমন যোগ্য লোকের সংখ্যা কমপক্ষে ৬০ লাখ। অথচ তাদের মধ্যে নিয়মিত কর পরিশোধ করেছেন মাত্র ১০ থেকে ১২ লাখ। অভ্যন্তরীণ সম্পদ আহরণ বাড়াতে হলে তাদের সবাইকেই কর-জালে নিয়ে আসার টার্গেট পূরণ জরুরি।

এ বছর জাতীয় রাজস্ব বোর্ড সপ্তমবারের মতো এ দিবসের আয়োজন করেছে। জনগণকে কর প্রদানে উদ্বুদ্ধ করতে দেশে প্রথম আয়কর দিবস পালিত হয় ২০০৮ সালে। আয়কর দিবস পালনের পাশাপাশি সারাদেশে সাত দিনের আয়কর মেলার আয়োজন করেছে এনবিআর।

শিক্ষা

ভর্তি পরীক্ষা ঘিরে জালিয়াত চক্রের তৎপরতা

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অনার্স ভর্তি পরীক্ষা ঘিরে সক্রিয় সাত জালিয়াত চক্র। পরীক্ষা শুরুর পর কর্মচারী বা শিক্ষকদের মাধ্যমে প্রশ্নপত্র বাইরে আনা হয়। তারপর দ্রুত প্রশ্নের সমাধান করে মুঠোফোনের মাধ্যমে পাঠানো হয় শিক্ষার্থীর কাছে। হলে নিষিদ্ধ হলেও পরিদর্শকদের গাফিলতির কারণে মুঠোফোন নিয়েই ঢুকছেন অনেকে, ফলে জালিয়াতি বন্ধ করা সম্ভব হচ্ছে না। এবার ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস করে অত্যাধুনিক মাইক্রো ব্লুটুথ ডিভাইসের মাধ্যমে উত্তর বলে দেয়ার অভিনব কায়দা এসেছে। এ জন্য ছোট আকারের মুঠোফোন ও হেডফোনের ব্যবস্থা করেছে চক্রগুলো। এতে ছাত্রদের মাথা ব্যান্ডেজ করে এবং ছাত্রীদের স্কার্ফের ভেতরে রাখা হয় হেডফোন। মোজা কিংবা জুতার মধ্যে থাকে ফোন। কল করার পর স্বয়ংক্রিয়ভাবে রিসিভ হয় এবং সেখান থেকে শুনে শুনে লেখা হয় উত্তর। ডিভাইসটি খুবই ক্ষুদ্র হওয়ায় বহন করতে সমস্যা হয় না। মেয়েদের বোরকা বা হিজাবের সঙ্গে লাগানো থাকলে তা সহজে টের পাওয়ার উপায় থাকে না।

মানবতাবিরোধী অপরাধ

'কসাই' সিরাজসহ তিনজনের বিরুদ্ধে অভিযোগ আমলে নিয়েছে ট্রাইব্যুনাল

বাগেরহাটের শেখ সিরাজুল হক ওরফে কসাই সিরাজ, আবদুল লতিফ তালুকদার ও খান আকরাম হোসেনের বিরুদ্ধে একাত্তরের মানবতাবিরোধী অপরাধের অভিযোগ আমলে নিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মুক্তিযুদ্ধ চলাকালে বাগেরহাটের কচুয়ার শাঁখারীকাঠি বাজারে ৪২ জনকে হত্যা, ধর্ষণ ও বাড়িতে অগ্নিসংযোগসহ ছয়টি অভিযোগে ২০০৯ সালে সিরাজসহ ১২ জনের বিরুদ্ধে একটি মামলা হয়। মামলাটি পরে ট্রাইব্যুনালে স্থানান্তর করা হয়। বিচারপতি এম ইনায়েতুর রহিমের নেতৃত্বে ট্রাইব্যুনাল-১ গত ১০ জুন এই তিনজনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। এরপর পুলিশ তাদের পর্যায়ক্রমে গ্রেফতার করে ট্রাইব্যুনালে হাজির করে। ১৪ সেপ্টেম্বর এই তিনজনের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের আটটি অভিযোগ (ফরমাল চার্জ) ট্রাইব্যুনালে দাখিল করা হয়। ১৫ সেপ্টেম্বর বিচারপতি এম ইনায়েতুর রহিমের নেতৃত্বে ট্রাইব্যুনাল-১ দাখিল করা অভিযোগ আমলে নিয়ে অভিযোগ গঠনের শুনানির জন্য আগামী ২০ সেপ্টেম্বর দিন ধার্য করেছে।